# নবী (সা.) এর ছলাত সম্পাদনের পদ্ধতি

বিভাগ/অধ্যায়ঃ সালাত বিষয়ে বিস্তারিত

রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মাদ নাছিরুদ্দিন আলবানী (রহ.)

صفة الركوع রুকুর পদ্ধতি

كان ﷺ يضع كفيه على ركبتيه

নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) রুকুতে স্বীয় হাঁটুদ্বয়ের উপর হস্তদ্বয় রাখতেন[1] এবং তিনি এজন্য নির্দেশ দিতেন।[2] তিনি ছালাতে ত্রুটিকারীকেও এ বিষয়ে আদেশ করেন যেমন ইতিপূর্বে উল্লেখ হয়েছে। তিনি অঙ্গুলিগুলোর মাঝে ফাঁক রাখতেন[3] হস্তদ্বয়কে হাঁটুদ্বয়ের উপর স্থাপন করতেন; দুই হাঁটুকে আঁকড়ে ধরার মত করে[4] এ বিষয়ে তিনি ছালাতে ত্রুটিকারীকে নির্দেশ দিয়ে বলেন-

اذا ركعت فضع راحتيك على ركبتيك ثم فرج بين اصابعك، ثم امكث حتى يأخذ كل عضو مأخذه

যখন তুমি রুকূ করবে তখন তোমার হস্তদ্বয় উভয় হাঁটুর উপর রাখবে এবং অঙ্গুলগুলোর মাঝে ফাঁক রাখবে অতঃপর এমন সময় পর্যন্ত থামবে যাতে প্রত্যেকটি অঙ্গ স্ব স্ব স্থানে স্থির হতে পারে।[5]

তিনি কনুই দু'টোকে পাঁজর দেশ থেকে দূরে রাখতেন।[6] তিনি রুকু কালে পিঠাকে সমান করে প্রসারিত করতেন।[7] এমন সমান করতেন যে, তাতে পানি ঢেলে দিলেও তা যেন স্থির থেকে যাবে।[8] তিনি ছালাতে ত্রুটিকারীকে বলেছিলেনঃ

অতঃপর যখন রুকু করবে তখন স্বীয় হস্তদ্বয় হাঁটুদ্বয়ের উপর রাখবে এবং পিঠকে প্রসারিত করে স্থিরভাবে রুকু করবে।[9] তিনি পিঠ অপেক্ষা মাথা উচু বা নীচু রাখতেন না।[10] বরং তা মাঝামাঝি থাকত।[11]

## ফুটনোট

[1] বুখারী ও আবু দাউদ।

[2] বুখারী ও মুসলিম।

[3] বুখারী ও আবু দাউদ।

[4] হাকিম এবং তিনি একে ছহীহ বলেছেন ও যাহাবী এবং তায়ালুসী ঐকমত্য পোষণ করেছেন। এটি ছহীহ আবু দাউদে উদ্ধৃত হয়েছে। (৮০৯)

[5] ইবনু খুযাইমাহ ও ইবনু হিব্বান স্ব-স্ব ছহীহ গ্রন্থে।

[6] তিরমিযী এবং ইবনু খুযাইমাহ একে ছহীহ বলেছেন।

[7] বাইহাকী ছহীহ সনদে ও বুখারী।

[8] তাবারানী "আল কাবীর” ও ‘আছছাগীর’ গ্রন্থে এবং আব্দুল্লাহ বিন আহমাদ “যাওয়াইদুল মুসনাদ” গ্রন্থে ও ইবনু মাজাহ।

[9] ছহীহ সনদে আহমাদ ও আবু দাউদ।

[10] আবু দাউদ, বুখারী ছহীহ সনদে জুযউল কিরাআত” গ্রন্থে। لا يقنع শব্দের অর্থ তিনি স্বীয় মাথাকে এমন পরিমাণ উপরে উঠাতেন না যাতে মাথা পিঠ অপেক্ষা উপরে থাকে- ‘নিহায়াহ’।

[11] মুসলিম ও আবু আওয়ানাহ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=8149

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন